দৈনিক সংবাদ

তারিখ ... ... ... ... ... ... ...
পৃঃ ৭ কলাম ৬.....

## ক্যাম্পাসে তোলপাড়

# রা.বির ২ শিক্ষকের বিরুদ্ধে নৈতিক স্খলনের অভিযোগ

রাজশাহী থেকে জাহাঙ্গীর আলম আকাশ ঃ রাজশাহী বিশ্ববিদ্যালয়ের দুই শিক্ষকের বিরুদ্ধে নৈতিক স্খলনের অভিযোগ পাওয়া গেছে।

রাজশাহী বিশ্ববিদ্যালয় হিসাব বিজ্ঞান বিভাগের এক শিক্ষিকার স্বামী এবং ইতিহাস বিভাগের এক শিক্ষকের পত্নী বিশ্ববিদালয় কর্তৃপক্ষের কাছে লিখিতভাবে এই অভিযোগ এনেছেন বলে সংশ্লিষ্ট নির্ভরযোগ্য সূত্র জানায়।

সূত্রমতে, গত ৫ই আগস্ট 'দি গার্ডিয়ান' পত্রিকার সম্পাদক মো. আবুল হাশেম বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার বরাবর লিখিত অভিযোগে বলেছেন, হিসাব বিজ্ঞান বিভাগের প্রভাষক রুকসানা বেগম স্বাতীর সঙ্গে তার '৯০ সালের ১২ই জানুয়ারি বিয়ে হয়। এরপর স্বাতীর এক সহকর্মী (বিসিকে কর্মরত) আবুল কাশেমের সঙ্গে অবৈধ সম্পর্ক গড়ে ওঠে। পরে সে অনুতপ্ত হলে বিষয়টি স্বাভাবিক হয়ে আসে; কিন্তু পরবর্তীকালে অর্থাৎ '৯৮ সালে স্বাতী রা.বি-তে প্রভাষক পদে যোগদান করেন। বিশ্ববিদ্যালয়ে অবস্থানকালে তিনি ইতিহাস বিভাগের প্রফেসর এম. ফারুক উজ্জামানের (বর্তমানে লিয়েনে জাতীয় বিশ্ববিদ্যালয়ে কর্মরত) সঙ্গে স্বামী-স্ত্রীর মতো মেলামেশা করতে থাকেন।

অভিযোগে বলা হয়, তাদের (হাশেম ও স্বাতীর) একটি পুত্র সন্তানও রয়েছে। অভিযোগকারী নৈতিক স্খলনের দায়ে উভয়েরই শাস্তির দাবি করেছেন।

এদিকে গত ২৮শে জুন অধ্যাপক ফারুক উজ্জামানের পত্নী লায়লা জামান রা.বির উপাচার্য বরাবর লিখিত অভিযোগে উভয়েরই শাস্তির দাবি জানিয়েছেন।

মিসেস জামান ও ফারুক উজ্জামানের এক পুত্র ও এক কন্যাসন্তান রয়েছে।

এই অভিযোগের ঘটনাটি ক্যাম্পাসে ব্যাপক চাঞ্চল্যের সৃষ্টি করেছে।